

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪২৪(আগরতলা ১।১)
আগরতলা, ১ জানুয়ারি, ২০২৪

কল্পতরু উৎসবে মুখ্যমন্ত্রী

মানুষের কল্যাণে সরকার কাজ করছে

জীব জগতের কল্যাণে রামকৃষ্ণ পরমহংস দেবের দেখানো পথ আজও প্রাসঙ্গিক। রামকৃষ্ণের চিন্তাভাবনাকে পাথেয় করেই তাঁর সুযোগ্য শিষ্য স্বামী বিবেকানন্দ বিশ্বের দরবারে ভারতের নাম উজ্জ্বল করেছিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও সেই ভাবধারায় দেশ কল্যাণের দিশায় কাজ করছেন। আজ অরুন্ধতীনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় সংলগ্ন কমিউনিটি হলে কল্পতরু উৎসবে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। রামকৃষ্ণ সেবা সমিতির উদ্যোগে আয়োজিত কল্পতরু উৎসবে মুখ্যমন্ত্রী বলেন, প্রতিটি মানুষের মধ্যেই ভগবান বিরাজমান। তাই মানুষের সেবা করলেই ভগবানের সেবা করা যায়। বর্তমান রাজ্য সরকার রাজ্যে শান্তির পরিবেশ তৈরি করে মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক মীনা রাণী সরকার, কর্পোরেটর অলক রায়, কর্পোরেটর প্রসেনজিৎ লোধ প্রমুখ।
